# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-07-2025** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গ বিধানসভায় পাস হওয়া নারী নির্যাতন সংক্রান্ত অপরাজিতা বিল নিয়ে কেন্দ্র কয়েকটি বিষয় সম্পর্কে রাজভবনের কাছে জানতে চেয়েছে।

২) রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরানোর জন্য বিচারপতি দিলীপ শেঠের নেতৃত্বাধীন অ্যাসেট ডিসপোজাল কমিটির কাজ নিয়ে সিবিআই-কে প্রাথমিক তদন্ত করে রিপোর্ট দিতে নির্দেশ কলকাতা হাইকোর্টের।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৪) বিশ্ব ম্যানগ্রোভ দিবস উপলক্ষে আজ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৫) দেশ জুড়ে আজ ২৬তম কার্গিল বিজয় দিবস পালিত হচ্ছে।

৬) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর সৃষ্ট নিম্নচাপ আরো পশ্চিম উত্তর-পশ্চিমে ঝাড়খন্ড এবং সংলগ্ন ছত্তিশগড়ের দিকে অগ্রসর হয়েছে।

এর প্রভাবে আজও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা।

৭) মোহনবাগান সুপার জায়েন্ট ও ইস্টবেঙ্গল, আজ প্রিমিয়র ডিভিশন ফুটবল লিগে মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নারী নির্যাতনের অপরাধে কঠোরতম শাস্তির লক্ষ্যে পশ্চিমবঙ্গ বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিল, ২০২৪’-এ প্রস্তাবিত মৃত্যুদণ্ড সংক্রান্ত ধারা নিয়ে রাজভবন প্রশ্ন তুলেছে। রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস ইতিমধ্যেই এই বিলটি রাষ্ট্রপতির অনুমোদনের জন্য সংরক্ষিত রেখেছেন। রাজভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, কেন্দ্র সরকার ‘অপরাজিতা’ বিলে প্রস্তাবিত কয়েকটি সংশোধনী নিয়ে ইতিমধ্যেই তাদের পর্যবেক্ষণ রাজভবনকে জানিয়েছে।

কেন্দ্রের এই সব পর্যবেক্ষণ গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তা উপযুক্ত পদক্ষেপের জন্য পাঠানো হয়েছে বলেও রাজভবন সূত্রে জানা গেছে।

উল্লেখ্য ‘অপরাজিতা’ বিলে ‘ভারতীয় ন্যায় সংহিতা, ২০২৩’-র ৬৪ নম্বর ধারা সংশোধনের মাধ্যমে ধর্ষণের শাস্তি বাড়িয়ে ১০ বছরের পরিবর্তে যাবজ্জীবন (আজীবনের জন্য) বা মৃত্যুদণ্ডের প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এই সংশোধনীকে অতিরিক্ত কঠোর ও অসামঞ্জস্যপূর্ণ বলে অভিহিত করেছে।এছাড়াও, বিলটিতে ৬৫ নম্বর ধারা বাতিলের প্রস্তাব রয়েছে, যার ফলে ১৬ বছরের নীচে ও ১২ বছরের নীচে ধর্ষণের শাস্তির মধ্যে যে পার্থক্য ছিল, তা মুছে ফেলার কথা বলা হয়েছে। কেন্দ্রের মতে, এমন সংশোধনী শাস্তির মাত্রার ভারসাম্য নষ্ট করবে।

বিলের ৬৬ নম্বর ধারায় ধর্ষণের ফলে নির্যাতিতার মৃত্যু বা 'পারসিসটেন্ট ভেজিটেটিভ স্টেট'-এর ক্ষেত্রে মৃত্যুদণ্ডকে বাধ্যতামূলক করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রকের পর্যবেক্ষণ, এতে বিচার ব্যবস্থার বিবেচনার স্বাধীনতা লঙ্ঘিত হয়।

oooooooooooooooooooooooo

রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরানোর জন্য বিচারপতি দিলীপ শেঠের নেতৃত্বাধীন অ্যাসেট ডিসপোজাল কমিটির কাজ নিয়ে সিবিআই-কে প্রাথমিক অনুসন্ধান করে রিপোর্ট দিতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট । দুই বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ ও ঋতব্রত মিত্র-র ডিভিশন বেঞ্চ গতকাল এব্যাপারে কমিটির যাবতীয় নথিপত্র দেখে ক্ষোভ প্রকাশ করেন।

এই সপ্তাহের মধ্যে রোজভ্যালির যাবতীয় নথি সিবিআই-কে পেশ করার নির্দেশ দিয়েছে। সিবিআই-এর আইজীবী আগামী সপ্তাহের মধ্যে সেই নথি নিয়ে রোজভ্যালির মূল মামলার তদন্ত কতটা এগিয়েছে, তা আদালতে জানাবেন। তারপর হাইকোর্ট প্রাথমিক রিপোর্ট দেবে।

উল্লেখ্য, দিলীপ শেঠ কমিটির রোজভ্যালির টাকা আমানতকারীদের ফেরত না দিয়ে চকলেট গ্রুপ নামে এক সংস্থাকে রোজভ্যালির হোটেল চালানোর দায়িত্ব দিয়েছে বলে অভিযোগ। তার ভিত্তিতেই হাইকোর্টের ক্ষোভ প্রকাশ।

oooooooooooooooooooooooo

ভিন রাজ্যে কাজে গিয়ে বাংলায় কথা বলায় উত্তর ২৪ পরগনার গোপালনগরের এক মহিলা পুলিশী হেনস্থার শিকার হয়েছেন। খাপরাপোতা, আলাকালিপুরের বাসিন্দা পরভিনা বিবি সপ্তাহ দু-এক আগে মুম্বাইতে পরিচারিকার কাজ নিয়ে যান। কিন্তু বাংলায় কথা বলায় মুম্বাই পুলিশ তাকে বাংলাদেশী সন্দেহে

আটক করে। পরে গোপালনগর থানার পুলিশ তার বাড়ি গিয়ে সমস্ত নথিপত্র দেখার পর পরভিনাকে ছেড়ে দেওয়া হয় বলে জানা গেছে।

উল্লেখ্য, এর আগে মুম্বাইতে গোপালনগরের আঁকাইপুরের এক যুবককেও বাংলাদেশী সন্দেহে গ্রেফতার করেছিল পুলিশ।

এদিকে, মহারাষ্ট্রের নাসিকে পরিযায়ী শ্রমিকের কাজে গিয়ে বাড়ি ফেরার পথে, নদীয়ার শান্তিপুরের ভোলাডাঙা এলাকার ৪৬ বছরের সইফুল শেখ নিখোঁজ হয়ে গেছেন। গত ২১-শে জুলাই তিনি তার এলাকারই সরিফুল নামে এক যুবকের সঙ্গে বাড়ি ফিরছিলেন বলে পরিবারের দাবি। ওই যুবক ফিরে এলেও, গত পাঁচদিন ধরে সইফুলের কোন খোঁজ নেই। শান্তিপুর থানার পুলিশ জানিয়েছে, তারা টাটানগর স্টেশনে একবার নেমেছিল।

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী বলেছেন, পরিযায়ী শ্রমিকের তথ্য সংগ্রহ করা রাজ্য সরকারের দায়িত্বের মধ্যে পড়ে।

(বাইট – অধীর- পরিযায়ী শ্রমিক)

oooooooooooooooooooooooo

পেনশন ভোগী লক্ষ লক্ষ শ্রমিক মাসে মাত্র ১০০০ টাকা আর্থিক সাহায্য পেয়ে জীবনধারণে অক্ষম হয়ে পড়েছেন এবং সামান্য পেনশনের টাকায় কোন পরিবার বাঁচতে পারে না বলে শ্রমিক সংগঠন এ আইসিসিটিইউ অভিযোগ করেছে । এক প্রেস বিবৃতিতে সংগঠনের রাজ্য কমিটির সম্পাদক বাসুদেব বসু বলেন ,"আনক্লেইমড ফান্ডস", বাজেট সহায়তা ও পেনশন স্কিমের পুনর্মূল্যায়নের মাধ্যমেই এই অর্থের সংস্থান করা সম্ভব। তাঁর অভিযোগ সরকার কর্পোরেটদের কোটি কোটি টাকা কর মকুব করতে আগ্রহী হলেও শ্রমজীবীদের ন্যূনতম মর্যাদা দিতে ব্যর্থ।

তিনি অবসরপ্রাপ্ত শ্রমিকদের ন্যূনতম পেনশন মাসিক ৩০০০ টাকা ও সাথে মহার্ঘভাতা যুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারকে দ্রুত সিদ্ধান্ত গ্রহনের দাবি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশ জুড়ে আজ ২৬তম কার্গিল বিজয় দিবস পালিত হচ্ছে। ১৯৯৯ সালে পাকিস্তানের সঙ্গে সংঘর্ষের সময়ে ভারতের যে সব সাহসী সৈন্য দেশের জন্য প্রাণ বিসর্জন দিয়েছেন, তাঁদের দেশ আজ সশ্রদ্ধ চিত্তে স্মরণ করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব ম্যানগ্রোভ দিবস উপলক্ষে আজ কলকাতার বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালা এবং সুন্দরবনের কয়েকটি জায়গায় বেশ কিছু অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উপকূলীয় অঞ্চলের জীববৈচিত্র্য ও বাস্তুতন্ত্রের সঙ্গে ম্যানগ্রোভ অরণ্যের গুরুত্ব জনমানসে তুলে ধরতে ইউনেস্কো ২০১৫ সালে এই দিনটি উদযাপনের কথা ঘোষণা করে।

একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পানপাতা বিক্রিতে অনিয়ম রোধ এবং চাষিদের প্রাপ্য রোজগার নিশ্চিত করতে হোয়াটসঅ্যাপ গ্রুপ তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। খাদ্য ভবনে সম্প্রতি কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না পৌরোহিত্যে এক  উচ্চপর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত হয়।

কৃষি বিপণন মন্ত্রী বৈঠকে জানান প্রতি গোছে ৭০টি পাতা রাখার সরকারি নির্দেশিকা লঙ্ঘন করে অতিরিক্ত পাতা বেঁধে দেওয়া হচ্ছে—এধরনের  অভিযোগের ভিত্তিতেই এই সিদ্ধান্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর সৃষ্ট নিম্নচাপ আরো পশ্চিম উত্তর-পশ্চিমে ঝাড়খন্ড এবং সংলগ্ন ছত্তিশগড়ের দিকে অগ্রসর হয়েছে। এর প্রভাবে আজ পুরুলিয়া বাঁকুড়া এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণবঙ্গের অন্যত্র বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর । উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং এবং জলপাইগুড়ি জেলায় হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৪০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকবে। ঢেউ-এর উচ্চতা ৩ মিটার ছাড়িয়ে যেতে পারে।

মৎস্যজীবীদের মঙ্গলবার ২৯-শে জুলাই পর্যন্ত সাগরে মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

উপকূলবর্তী এলাকায় সব ধরনের কাজ ও জলক্রীড়া ব্যাপারে সতর্কতা জারি করা হয়েছে। কলকাতায় আজ সকাল সাড়ে ৬-টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৭৫ দশমিক চার মিলিমিটার। রাতে ভারী বৃষ্টি না হওয়ায় জমে থাকা জল অনেকটাই নেমে গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিম্নচাপ ও অমাবস্যার কোটালের জোড়া ফলায় বিপর্যস্ত সুন্দরবন। রাতভর নাগাড়ে ভারী থেকে অতি ভারী বৃষ্টি এবং ঘন্টায় ৫০ কিমি বেগে দমকা বাতাস বইছে জেলাজুড়ে। সকালেও দুর্যোগ অব্যাহত।

আমাদের দক্ষিণ ২৪ পরগণার জেলাসংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট - গৌতম)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল আজ প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে ডার্বি ম্যাচে মুখোমুখি হবে। কল্যাণী স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল সাড়ে পাঁচটায়। মোহনবাগান পাঁচ ম্যাচে ১০ পয়েন্ট সংগ্রহ করেছে। ইস্টবেঙ্গলের চার ম্যাচে পয়েন্ট পাঁচ। মরশুমের প্রথম ডার্বি ম্যাচকে ঘিরে দুই দলের সদস্য সমর্থকদের মধ্যে উৎসাহ উদ্দীপনার অটুট রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দমদম স্টেশনে পয়েন্ট এর সম্পূর্ণ রূপান্তরের জন্য আজ রাত ১২ টা থেকে আগামীকাল সকাল ৭ টা পর্যন্ত আপ লাইনে ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে, আজ ও আগামীকাল কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে।

রেল সূত্রে জানা গেছে, আজ একজোড়া শিয়ালদা - ডানকুনি লোকাল বাতিল থাকবে। এছাড়া , আগামীকাল শিয়ালদা থেকে হাবড়া, বনগাঁ, ও বারাসাতের মধ্যে একজোড়া করে, এবং শিয়ালদা - দত্তপুকুর ১টি ও শিয়ালদা - ডানকুনির মধ্যে ৫ জোড়া লোকাল বাতিল থাকবে , কয়েকটি ট্রেনের যাত্রাপথ ও সংক্ষিপ্ত করা হবে।

পাশাপাশি আজ শিয়ালদা অভিমুখে আসা বামনহাট - শিয়ালদা উত্তরবঙ্গ এক্সপ্রেস, হলদিবাড়ি - শিয়ালদা দার্জিলিং মেল, নিউ আলিপুরদুয়ার - শিয়ালদা পদাতিক এক্সপ্রেস ডানকুনি - দমদম জংশনের পরিবর্তে ব্যান্ডেল জংশন - নৈহাটি - দমদম জংশন হয়ে যাবে, এবং উত্তরবঙ্গ এক্সপ্রেস বেলঘরিয়া স্টেশনে থামবে বলে পূর্ব রেল সূত্রে জানা গেছে।

এদিকে, যাত্রীদের সুবিধার্থে দক্ষিণ পূর্ব রেল, পাঁশকুড়া - দীঘার মধ্যে লোকাল ট্রেন চলাচল আগামী ১৭ আগস্ট পর্যন্ত বৃদ্ধি করেছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo